



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৭-১০)

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা-১০০০

www.pallisanchaybank.gov.bd

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়

নং-পসব্য/প্রকা/ব্যব_পরি_দপ্তর/প্রশা-০১/২০২৫-২৬/১১২

তারিখ: ০২/০৭/২০২৫ খ্রি.

অভিনন্দন বার্তা

সুপ্রিয় সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম। নতুন অর্ধবছরের সূচনায় আপনাদের সকলকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। বিগত ২০২৪-২৫ অর্ধবছর অতিক্রম করে পল্লী সঞ্চয় ব্যাংক আজ সম্ভাবনার নতুন এক দ্বারপ্রান্তে।

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, ২০২৪-২৫ অর্ধবছরে পল্লী সঞ্চয় ব্যাংক ৩৭২.০৯ কোটি টাকা মুনাফা অর্জন করেছে। এই অর্জন গত বছরের তুলনায় প্রায় ১২৮ কোটি টাকা বেশি, যা অতীতের সকল রেকর্ড ভঙ্গ করেছে। এই অভূতপূর্ব সাফল্যের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণকে জানাই আমার প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা। এটি পল্লী সঞ্চয় ব্যাংক পরিবারের প্রতিটি সদস্যের সম্মিলিত প্রচেষ্টার ফল।

পল্লী সঞ্চয় ব্যাংকের এই বিশাল সাফল্যে আমি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি ব্যাংকের সম্মানিত চেয়ারম্যান ড. মোহাম্মদ মহিউদ্দিন মহোদয়ের প্রতি। স্যারের দূরদৃষ্টি, প্রজ্ঞা এবং নিবিড় তত্ত্বাবধানে ব্যাংকের কার্যক্রমে ইতিবাচক পরিবর্তন এসেছে। ব্যাংকের সামগ্রিক উন্নয়নে চেয়ারম্যান মহোদয়ের ভূমিকা সত্যিই প্রশংসনীয়। সরকারের গুরুত্বপূর্ণ দপ্তরে দায়িত্ব পালনের শত ব্যস্ততার মাঝেও তিনি যে নিষ্ঠা ও আন্তরিকতায় ব্যাংকের জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন, তা সত্যিই অকল্পনীয়।

একই সাথে আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি আমাদের সম্মানিত পরিচালকমন্ডলীর প্রতি। তাঁদের সুচিন্তিত দিকনির্দেশনা ও মূল্যবান পরামর্শ ব্যাংকের এই অর্জনে বিশেষ ভূমিকা পালন করেছে। ব্যাংকের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদানের জন্য পল্লী সঞ্চয় ব্যাংকের সকলের পক্ষ থেকে চেয়ারম্যান মহোদয়সহ সম্মানিত পরিচালক মহোদয়গণকে জানাই আন্তরিক অভিবাদন। এছাড়া, নিরলস পরিশ্রমের মাধ্যমে ব্যাংকের সার্বিক কার্যক্রমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক, মহাব্যবস্থাপকগণসহ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।


এই মাইলফলক অর্জনে পল্লী সঞ্চয় ব্যাংকের সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের প্রতি আমি অশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। প্রায় ১১,০০০ জনবলের এই প্রতিষ্ঠান, আমাদের প্রাণের পল্লী সঞ্চয় ব্যাংক, একটি বৃহৎ পরিবার। এই বিশাল অর্জনে প্রতিটি সদস্যের ভূমিকা অনস্বীকার্য। মাঠপর্যায়ের সকল শাখা থেকে শুরু করে প্রধান কার্যালয় পর্যন্ত সকলের সম্মিলিত প্রচেষ্টায় পল্লী সঞ্চয় ব্যাংকের এই সাফল্য অর্জিত হয়েছে।

বিশেষভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি পল্লী সঞ্চয় ব্যাংকের সকল মাঠ সহকারীদের প্রতি। বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনের লক্ষ্যে পল্লী সঞ্চয় ব্যাংক যে কাজ করে যাচ্ছে, তা বাস্তবায়নে আপনারা সরাসরি মাঠপর্যায়ে অগ্রণী ভূমিকা পালন করছেন। শাখা পর্যায়ে কর্মরত ক্যাশ সহকারী, কম্পিউটার অপারেটর, জুনিয়র অফিসার (মাঠ), শাখা ব্যবস্থাপক, জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ অন্যান্য সকল কর্মকর্তা-কর্মচারীদেরকে জানাই আমার প্রাণঢালা অভিনন্দন। ব্যাংকের নিরাপত্তা প্রহরী বা অফিস সহায়ক, যারা ব্যবসায়িক কার্যক্রমের সাথে সরাসরি জড়িত নন, তাদের অবদানও এই সাফল্য অর্জনে সহায়ক ভূমিকা পালন করেছে। তাদেরকেও আন্তরিক ধন্যবাদ।

প্রধান কার্যালয়ের সকল গ্রেডের কর্মকর্তা-কর্মচারীগণ ব্যাংকের সার্বিক কার্যক্রমের সুষ্ঠু সমন্বয় ও তত্ত্বাবধানের দায়িত্ব সুশৃঙ্খল ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। অন্যান্য যেকোনো ব্যাংকের তুলনায় পল্লী সঞ্চয় ব্যাংকের প্রধান কার্যালয়ের জনবলের সংখ্যা অপ্রতুল হলেও, আপনারা যেভাবে বৃহৎ জনবলের জন্য প্রতিটি দপ্তর থেকে কাজ করে যাচ্ছেন, সেজন্য আপনাদের সকলকে জানাই অশেষ ধন্যবাদ।

আমাদের মনে রাখতে হবে, এই অর্জনই আমাদের শেষ লক্ষ্য নয়। বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে আমরা একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করতে চাই। ব্যাংকের সকল স্তরের জনবলের বর্তমান সুযোগ-সুবিধা থেকে শুরু করে অবসরকালীন সুবিধা নিশ্চিত করার জন্য আমাদের আরও অনেক কাজ করতে হবে। আমরা ব্যাংকের সুযোগ-সুবিধা আরও বৃদ্ধি করতে প্রতিশ্রুতিবদ্ধ। তবে, আয় যদি আনুপাতিক হারে বৃদ্ধি না পায় এবং সিএল ও ওভারডিউ হ্রাস না করা যায় তবে সকল সুযোগ-সুবিধা প্রদান করা সম্ভবপর হবে না। আমি আশা করি আপনারা ব্যাংকের সাফল্য অর্জনে এবং আপনাদের নিজেদের সুন্দর ভবিষ্যৎ নিশ্চিত করতে আরও বেশি আন্তরিক হবেন।

আপনাদের সকলের এ অর্জনে পল্লী সঞ্চয় ব্যাংক গর্বিত। আপনাদের সবাইকে আবাবো অন্তরের অন্তঃস্থল থেকে জানাই অভিনন্দন।


সালমা বানু
ব্যবস্থাপনা পরিচালক
পল্লী সঞ্চয় ব্যাংক।